# বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন

সিকিউরিটিজ কমিশন ভবন, ই-৬/সি আগারগাঁও, শের-ই-বাংলা নগর প্রশাসনিক এলাকা, ঢাকা-১২০৭, বাংলাদেশ।


সূত্র নং- বিএসইসি/সার্ভেইল্যান্স/মুখপাত্র (৫ম খন্ড)/২০১৯/১৮১

তারিখ: ৩১ বৈশাখ ১৪২৭ বঙ্গাব্দ
১৪ মে ২০২০ খ্রিষ্টাব্দ

## প্রেস বিজ্ঞপ্তি

অদ্য ১৪ মে ২০২০ তারিখে চেয়ারম্যান হিসেবে ড. এম. খায়রুল হোসেন এর কমিশনে শেষ কার্যদিবস। তিনি কমিশনে বর্তমান কার্যকাল সমাপান্তে তাঁর পূর্ববর্তী কর্মস্থল ঢাকা বিশ্ববিদ্যালয়ের ফিন্যান্স বিভাগে যোগদান করবেন। এর পূর্বে প্রফেসর মোঃ হেলাল উদ্দিন নিজামী, প্রাক্তন কমিশনার বিগত ৪ মে ২০২০ তারিখে তাঁর পূর্ববর্তী কর্মস্থল চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের হিসাব বিজ্ঞান বিভাগে যোগদান করেছেন। এছাড়াও ১৯ এপ্রিল ২০২০ তারিখে ড. স্বপন কুমার বালা, প্রাক্তন কমিশনার তাঁর পূর্ববর্তী কর্মস্থল ঢাকা বিশ্ববিদ্যালয়ের একাউন্টিং এন্ড ইনফরমেশন সিস্টেমস বিভাগে যোগদান করেছেন।

দীর্ঘদিন কমিশনে দায়িত্ব পালনকালে তাঁরা বিনিয়োগকারী, স্টক এক্সচেঞ্জেস, ট্রেক হোল্ডারস, ডিবিএ, মার্চেন্ট ব্যাংকার এসোসিয়েশন, এ্যাসেট ম্যানেজমেন্ট কোম্পানীজ (AMC), ফান্ড ম্যানেজার (FM), ক্রেডিট রেটিং কোম্পানিজ (CRC), বাংলাদেশ পাবলিকলি লিস্টেড কোম্পানীজ (BAPLC), কাস্টডিয়ান, সরকার ও অন্যান্য অংশীজনদের কাছ থেকে অকুণ্ঠ সমর্থন ও সহযোগিতা পেয়েছেন। বর্ণিত সকল অংশীজনের কাছে ড. এম. খায়রুল হোসেন এর নেতৃত্বাধীন কমিশন কৃতজ্ঞতা প্রকাশ করেছেন।

কমিশন বিশেষ করে গণমাধ্যম প্রতিনিধিদেরকে আন্তরিক ধন্যবাদ জ্ঞাপন করেছে। তাঁরা সর্বস্তরে স্বচ্ছতা ও জবাবদিহিতার জায়গাটি নিশ্চিত করার প্রচেষ্টার পাশাপাশি সকলের কাছে গঠনমূলক সংবাদ পরিবেশন ও পুঁজিবাজারের গতিধারা বিশ্লেষণে গুরুত্বপূর্ণ ভূমিকা রেখেছেন।

মাননীয় প্রধানমন্ত্রী, বর্তমান ও সাবেক অর্থমন্ত্রীসহ বিভিন্ন নিয়ন্ত্রক সংস্থা ও সরকারী-বেসরকারি প্রতিষ্ঠান যারা পুঁজিবাজার উন্নয়নে সহযোগিতা ও নীতি-সহায়তা প্রদান করেছেন সকলের প্রতি ড. এম. খায়রুল হোসেন এর নেতৃত্বাধীন কমিশন গভীর শ্রদ্ধা প্রকাশ করেছে। কমিশন আরও আশা করেছে যে, বিগত বছর গুলোতে গৃহীত কর্মসূচির (যা https://sec.gov.bd/spreport/Final_Summary_Reforms.pdf এ upload আছে) ধারাবাহিকতায় আগত দিনগুলিতে নতুন নেতৃত্ব কমিশনের কার্যক্রমকে আরো গতিশীল করবে।

১৪/০৫/২০২০
মো: সাইফুর রহমান
নির্বাহী পরিচালক ও মুখপাত্র।


ফোন (পিএবিএক্স) : +৮৮-০২-৫৫০০৭১৩১-২, ফ্যাক্স : +৮৮-০২-৫৫০০৭১০৬, ই-মেইল : secbd@bdmail.net, ওয়েব : www.sec.gov.bd